**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 30.05.2026** ` **Time: 1.30 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>**

1. মায়ানমারের রাষ্ট্রপতি উ-মিন-অং-লাইং পাঁচ দিনের ভারত সফরের শুরুতে আজ সকালে বিহারের গয়ায় এসে পৌঁছেছেন।

2. সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী আজ বলেছেন, ভারতীয় সেনাবাহিনী 'অপারেশন সিন্দুর ২.০'-এর জন্য প্রস্তুত রয়েছে।

3. পশ্চিম এশিয়ার সঙ্কটের কারণে সরকার, রাষ্ট্রায়ত্ত্ব তেল কোম্পানীগুলিকে কমপক্ষে ৩০ দিনের সংরক্ষণ ব্যবস্থা গড়ে তুলতে বলেছে।

4. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক, জাতীয় পরিবার স্বাস্থ্য সমীক্ষা প্রকাশ করেছে।

5. মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন, শান্তি চুক্তিতে পৌছতে হলে ইরানকে অবশ্যই হরমুজ প্রনালী পুনরায় খুলে দিতে হবে।

6) হংকংয়ে এশিয়ান অনূর্ধ্ব-২০ অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে ভারতীয় দল চারটি সোনা সহ আটটি পদক জিতে তালিকার দ্বিতীয় স্থানে উঠে এসেছে।

*********************************************************************

মায়ানমারের রাষ্ট্রপতি উ-মিন-অং-লাইং পাঁচ দিনের ভারত সফরের শুরুতে আজ সকালে বিহারের গয়ায় এসে পৌঁছেছেন। বিশ্বখ্যাত মহাবোধি মন্দির ও ঐতিহাসিক সুজাতা মন্দিরে শ্রদ্ধা জ্ঞাপন করেন তিনি। বোধি বৃক্ষের নীচে ধ্যানেও বসেন তিনি। গয়ার বেশকিছু বুদ্ধ মন্দিরেও যাবেন তিনি। গয়া বিমানবন্দরে মায়ানমারের রাষ্ট্রপতিকে স্বাগত জানান, বিহারের কৃষি মন্ত্রী বিজয় কুমার সিনহা। একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলও তাঁর সফর সঙ্গী হয়েছে।

গয়া সফর শেষে আজই রাজধানী নতুন দিল্লি পৌঁছনোর কথা মায়ানমারের রাষ্ট্রপতির। সেখানে আজ সন্ধ্যায় তিনি সাক্ষাৎ করবেন বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকরের সঙ্গে। আগামিকাল ভারত-মায়ানমার বিজনেস ফোরামের অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। মায়ানমারের রাষ্ট্রপতির এই সফর দুই দেশের ঐতিহাসিক, সাংস্কৃতিক ও বৌদ্ধ ঐতিহ্যকে আরও দৃঢ় করবে বলে মনে করা হচ্ছে। নতুন মাত্রা পেতে পারে ভারত-মায়ানমার দ্বিপাক্ষিক সম্পর্কও।

*****************************************************************************

সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী আজ বলেছেন, ভারতীয় সেনাবাহিনী 'অপারেশন সিন্দুর ২.০'-এর শুরুর জন্য প্রস্তুত রয়েছে। পুনের খড়কওয়াসলায় ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমির ১ শো ৫০তম কোর্সের পাসিং আউট প্যারেডে তিনি বলেন, 'অপারেশন সিন্দুর' সন্ত্রাসবাদের বিরুদ্ধে, নির্ভুলভাবে এবং দৃঢ়তার সঙ্গে জবাব দেওয়ার ক্ষেত্রে ভারতের সক্ষমতা প্রমাণ করেছে। জেনারেল দ্বিবেদী আরও বলেন, 'অপারেশন সিন্দুর' দেশের দৃঢ় সংকল্পকে প্রতিফলিত করে, দেশের তিন সশস্ত্র বাহিনীর মধ্যে পারস্পরিক সমন্বয়কে তুলে ধরেছে। তিনি নব নিযুক্ত সেনা আধিকারিকদের পেশাদারিত্ব, নেতৃত্ব এবং দেশসেবার সর্বোচ্চ মান বজায় রাখার আহ্বান জানান।

*****************************************************************************

চীফ অফ ডিফেন্স স্টাফ অনিল চৌহ্বান আজ অবসর নিয়েছেন। নতুন দিল্লীতে আজ সেনাবাহিনীর তিন শাখার পক্ষ থেকে তাঁকে বিদায় সম্বর্ধনা জানানো হয়। শহীদ স্মারকে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রী চৌহ্বান বলেন, দেশের নিরাপত্তায় অপারেশন সিন্দুরের দ্বিতীয় পর্ব শুরু করতে ভারতীয় সেনা প্রস্তুত। প্রায় চার দশক ভারতীয় সেনায় নানা পদে কাজ করেছেন জেনারেল চৌহান। ১৯৮১ সালে তিনি সেনা বাহিনীতে যোগ দেন। পরম বিশিষ্ট সেবা পদক, উত্তম যুদ্ধ সেবা পদক-সহ একাধিক সম্মানে সম্মানিত হয়েছেন তিনি। রাজা সুব্রামানি তাঁর স্থলাভিষিক্ত হবেন।

*****************************************************************************

পশ্চিম এশিয়ার সঙ্কটের ফলে আন্তর্জাতিক স্তরে জ্বালানী সরবরাহ বিঘ্নিত হওয়ায় সরকার, রাষ্ট্রায়ত্ত্ব তেল কোম্পানীগুলিকে কমপক্ষে ৩০ দিনের সংরক্ষণ ব্যবস্থা গড়ে তোলার আহ্বান জানিয়েছে। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের সচিব সুজাতা শর্মা গতকাল আন্তঃ মন্ত্রক বৈঠকে এ কথা জানিয়ে বলেন, দেশে অপরিশোধিত তেলের ভান্ডার গড়ে তোলার কাজ চলেছে। তিনি বলেন, কৌশলগত সংরক্ষণ এবং নিরবচ্ছিন্ন সরবরাহ সুনিশ্চিত করে জ্বালানী নিরাপত্তা আরো শক্তিশালী করে তুলতে সরকার কাজ চালিয়ে যাচ্ছে। অতিরিক্ত তেল মজুত ক্ষমতা গড়ে তুলতে ইন্ডিয়ান ওয়েল কর্পোরেশন, ভারত পেট্রোলিয়াম এবং হিন্দুস্তান পেট্রোল্যাম কোম্পানী গুলিকে পরিকল্পনা গড়ে তুলতে বলা হয়েছে।

শ্রীমতি শর্মা বলেন, দেশে পেট্রোল, ডিজেল এবং এলপিজির পর্যাপ্ত মজুত রয়েছে এবং সমস্ত শোধনাগার নিজেদের সর্বোচ্চ চেষ্টায় কাজ করছে। বর্তমানে দেশে এলপিজি উৎপাদন সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে, দৈনিক প্রায় ৯২ হাজার মেট্রিক টন। কোনো এলপিজি বিতরণ কেন্দ্রে মজুত শেষ হয়ে যাওয়ার খবর পাওয়া যায়নি বলেও তিনি উল্লেখ করেন।

বিদেশমন্ত্রকের উপসাগরীয় বিষয়ক অতিরিক্ত সচিব অসীম মহাজন জানিয়েছেন, সরকার পশ্চিম এশিয়া ও উপসাগরীয় এলাকায় উদ্ভূত পরিস্থিতির ওপর নিবিড় নজর রাখছে। দেশের নাগরিকদের সময়মতো সহায়তায়

ভারতীয় দূতাবাস এবং কনস্যুলেট গুলি ২৪ ঘন্টার হেল্পলাইন চালু করেছে। সার্বিকভাবে উড়ান চলাচল কিছুটা স্বাভাবিক হয়েছে।
বন্দর, জাহাজ ও জলপথ পরিবহণ মন্ত্রকের নির্দেশক ওপেশ কুমার শর্মা বলেছেন, নাবিকদের কল্যাণ এবং নিরবচ্ছিন্ন সামুদ্রিক কাজকর্ম নিশ্চিত করতে, বিদেশমন্ত্রক, ভারতীয় মিশন এবং সামুদ্রিক ক্ষেত্রে সক্রিয় সংশ্লিষ্ট সংস্থাগুলির সঙ্গে সমন্বয় রাখা হচ্ছে। তিনি জানান, অপরিশোধিত তেলবাহী ট্যাঙ্কার 'নিসোস কেরোস' নামের একটি বাণিজ্যিক জাহাজ নিরাপদে হরমুজ প্রণালী অতিক্রম করেছে এবং ৩ রা জুন এটির বিশাখাপত্তনমে পৌঁছানোর কথা। জাহাজটি প্রায় ২ লক্ষ ৭০ হাজার মেট্রিক টন অপরিশোধিত তেল বহন করছে বলে তিনি জানান।

**********************************************************************

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক, জাতীয় পরিবার স্বাস্থ্য সমীক্ষা – ৬ প্রকাশ করেছে। এতে মা ও শিশুর স্বাস্থ্য, পুষ্টি এবং আর্থিক নিরাপত্তায় দেশের উল্লেখযোগ্য অগ্রগতির ছবি ফুটে উঠেছে। গতকাল প্রকাশিত এই সমীক্ষা অনুসারে দেখা গেছে, স্বাভাবিক প্রক্রিয়ায় শিশুর জন্মগ্রহনের হার ৮৮ দশমিক ৬ শতাংশ থেকে বেড়ে ৯০ দশমিক ৬ শতাংশ হয়েছে। প্রায় ৯৬ শতাংশ গর্ভবতী মহিলা প্রসব পূর্ববর্তী সেবা পাচ্ছেন। সন্তান ধারনের প্রথম ত্রৈমাসিকে প্রসব পূর্ববর্তী সেবা পাবার হার ৭০ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ৭৬ দশমিক ২ শতাংশে দাঁড়িয়েছে। ভারতের মোট প্রজনন হার দু-য়েই অপরিবর্তিত আছে। সমীক্ষায় দেখা গেছে, ১২ থেকে ২৩ মাসের শিশুদের মধ্যে টীকা করণের হার ৯৬ শতাংশের বেশী। স্বাস্থ্যমন্ত্রক জানিয়েছে, মিশন পরিবার বিকাশ সহ জাতীয় পরিবার পরিকল্পনা কর্মসূচীর লাগাতার প্রভাবের কারণেই এই অগ্রগতি।

সমীক্ষায় আরো দেখা গেছে, দেশে মহিলাদের ডিজিটাল অন্তর্ভুক্তি ও অর্থনৈতিক ক্ষমতায়ন বৃদ্ধি পেয়েছে। আয়ুষ্মান ভারত প্রকল্প, স্বাস্থ্যক্ষেত্রে অর্থনৈতিক নিরাপত্তা আরও শক্তিশালী করে তুলেছে। দেশে প্রায় দ্বিগুণ হারে বেড়েছে মহিলাদের ইন্টারনেট ব্যবহার।

**********************************************************************

বিহার জুড়ে ঝড়, বৃষ্টি এবং বজ্রপাতের অন্তত সাতজনের মৃত্যু হয়েছে। আকাশবানীর সংবাদদাতা জানিয়েছেন গয়ায় তিনজনের ও ঔরঙ্গাবাদে দুজনের মৃত্যুর খবর নথিভুক্ত হয়েছে। এছাড়া সারণ এবং খাগড়িয়া জেলা থেকে একজন করে মৃত্যুর খবর পাওয়া গেছে।
এই মর্মান্তিক ঘটনায় গভীর শোক প্রকাশ করে মুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরী নিহতদের নিকটাত্মীয়দের জন্য ৪ লক্ষ টাকা করে আর্থিক অনুদান ঘোষণা করেছেন।

**********************************************************************

ওড়িশায় আজ ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী SIR-এর কাজ চালু হতে চলেছে। নির্বাচন কমিশনের পরিচালনায় এই কর্মসূচী চলবে ২৮ শে জুন পর্যন্ত। রাজ্যের ৩ কোটি ৩৩ লক্ষের বেশি ভোটদাতা

,এই এস আই আর কর্মসূচীর আওতাভুক্ত হবেন। বাড়ি বাড়ি গিয়ে নাম যাচাই ও ফর্ম বিলির জন্যে ৪৫ হাজার বুথ স্তরের আধিকারিক–বি এল ও নিয়োগ করা হয়েছে। বাড়ি গিয়ে যাঁদের পাওয়া যাবেনা, তাঁরা দুপুর ৩ টে থেকে বিকেল ৫ টা পর্যন্ত নির্ধারিত পোলিং বুথে গিয়ে ফর্ম সংগ্রহ ও জমা কোরতে  পারবেন।
খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে ৫ ই জুলাই। তারপর এক মাস এ সংক্রান্ত অভাব অভিযোগ ও আপত্তি জানানো যাবে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিন ধার্য হয়েছে ৬ ই সেপ্টেম্বর।
ওড়িশায় চলতি তাপ প্রবাহের প্রেক্ষিতে মুখ্য নির্বাচনী আধিকারিক, সকালে ও সন্ধ্যায় বাড়ি বাড়ি গিয়ে এস আই আর এর কাজ চালাতে বলেছেন,       দুপুর থেকে বিকেল ৩ টে পর্যন্ত কোনোরকম আউটডর কাজ বন্ধ রাখতেও বলা হয়েছে।

*********************************************************************

কর্ণাটকের পরবর্তী মুখ্যমন্ত্রী নির্বাচনের লক্ষ্যে আজ বিকেল ৪টায় বেঙ্গালুরুতে কর্ণাটক কংগ্রেস লেজিসলেচার পার্টির সদস্যরা এক বৈঠকে মিলিত হবেন। রাজ্যপাল থাওয়ারচাঁদ গেহলট ইতিমধ্যেই বিদায়ী মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়ার পদত্যাগপত্র গ্রহণ করেছেন। তবে নতুন কেউ দায়িত্ব নেওয়ার আগে রাজ্যপাল তাঁকে অন্তর্বর্তীকালীন মুখ্যমন্ত্রী হিসেবে কাজ চালিয়ে যাওয়ার অনুরোধ করেছেন। প্রসঙ্গত, কংগ্রেসের ডি.কে. শিবকুমার পরিষদীয় দলের পরবর্তী নেতা হিসেবে নির্বাচিত হতে পারেন বলে খবর।

কংগ্রেসের ১৩৬ জন বিধায়ককে এই বৈঠকে উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। সর্বভারতীয় কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক তথা কর্ণাটক কংগ্রেসের দায়িত্বপ্রাপ্ত নেতা রণদীপ সিং সুরজেওয়ালা এই বৈঠকে পর্যবেক্ষক হিসেবে উপস্থিত থাকবেন। কংগ্রেস বিধানসভা দল তাদের নতুন নেতা নির্বাচন করার পর, তিনি নতুন সরকার গঠনের উদ্দেশ্যে রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করবেন।

*********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামীকাল  আকাশবাণীতে  "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৪-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।  আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

*********************************************************************

ইরানের সঙ্গে যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানোর লক্ষ্যে সম্ভাব্য শান্তি চুক্তির বিষয়ে আলোচনা করতে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প হোয়াইট হাউসে, শীর্ষ আধিকারিকদের সঙ্গে প্রায় দুই ঘন্টা বৈঠক করেন। হোয়াইট হাউসের 'সিচুয়েশন রুম'-এ এই বৈঠক পরবর্তী পদক্ষেপ সম্পর্কে কোনো স্পষ্ট সিদ্ধান্ত ছাড়াই শেষ হয়।

বৈঠকের আগে প্রেসিডেন্ট ট্রাম্প বলেন, শান্তি চুক্তিতে পৌঁছতে হলে ইরানকে অবশ্যই হরমুজ প্রণালী পুনরায় খুলে দিতে হবে। পারমাণবিক অস্ত্র তৈরি না করার প্রতিশ্রুতিও দিতে হবে তাদের। পাশাপাশি সে দেশের সমৃদ্ধ ইউরেনিয়ামের ভাণ্ডার সরিয়ে নেওয়ার জন্য যুক্তরাষ্ট্রকে অনুমতি দিতে হবে। এদিকে, ইরান দাবি করেছে, তাদের পারমাণবিক কর্মসূচি কেবলমাত্র অসামরিক বা শান্তিপূর্ণ উদ্দেশ্যেই পরিচালিত হচ্ছে।

**********************************************************************

মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ বলেছেন, ইরানের সঙ্গে শান্তিচুক্তিতে পৌঁছানোর প্রচেষ্টা ব্যর্থ হলে ওয়াশিংটন পুনরায় তাদের বিরুদ্ধে সামরিক পদক্ষেপ করতে পারে। এশিয়ার শীর্ষ নিরাপত্তা সম্মেলন, শাংগ্রি-লা ডায়ালগে, হেগসেথ বলেন, এই ধরনের সামরিক অভিযান পরিচালনার জন্য ওই অঞ্চল এবং সারা বিশ্বে যুক্তরাষ্ট্রের পর্যাপ্ত অস্ত্র ভাণ্ডার মজুত রয়েছে। যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবিলা করার জন্য তাঁর দেশ সম্পূর্ণ প্রস্তুত বলেও তিনি উল্লেখ করেন।

**********************************************************************

হজ যাত্রায় সমন্বয় ও যোগাযোগের ক্ষেত্রে অসামান্য দক্ষতার স্বীকৃতিস্বরূপ ভারতীয় হজ মিশন সৌদি আরবের মর্যাদাপূর্ণ লাব্বাইতুম পুরস্কার_Labbaytum Awards লাভ করেছে। সৌদি আরবের হজ ও উমরাহ মন্ত্রক থেকে এই মর্যাদাপূর্ণ পুরস্কার দেওয়া হয়েছে বলে সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু আজ জানিয়েছেন। সমাজ মাধ্যমের এক পোস্টে শ্রী রিজিজু ২০২৬ সালের হজের মূল পর্ব সফলভাবে সম্পন্ন হওয়ার জন্য সংখ্যালঘু বিষয়ক মন্ত্রক, ভারতের হজ কমিটি এবং সৌদি আরবে নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত ও জেদ্দায় নিযুক্ত কনসাল জেনারেলকে কৃতজ্ঞতা জানান। তাদের নেতৃত্ব ও ভারতীয় হজ মিশনের মধ্যে সমন্বয়েরই প্রতিফলন এই পুরস্কার বলেও জানান তিনি। তীর্থযাত্রীদের জন্য চমৎকার ব্যবস্থাপনা ও অব্যাহত সহায়তার জন্য মন্ত্রী সৌদি আরবের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন শ্রী রিজিজু।

**********************************************************************

ভগবান বুদ্ধের জন্ম, বোধিলাভ এবং মহাপরিনির্বাণ-কে স্মরণ করে আজ শ্রীলঙ্কায় 'ভেসাক পোয়া দিবস' উদযাপিত হচ্ছে। মাতারা-র ঐতিহাসিক 'মিডেলাওয়েলা পুরানা বিহার'-এ সপ্তাহব্যাপী জাতীয় ভেসাক উৎসব এর ধর্মীয় আচার-অনুষ্ঠানে অংশ নিতে হাজার হাজার ভক্ত সমবেত হয়েছেন। উদযাপনের অংশ হিসেবে দেশজুড়ে দুই হাজারেরও বেশি বিনামূল্যে খাবার ও পানীয় বিতরণের কেন্দ্র দানশালার আয়োজন করা হয়েছে।পাশাপাশি ঐতিহ্যবাহী 'পেরাহেরা' শোভাযাত্রা এবং ভক্তিমূলক সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়েও এই উৎসবটি বিশেষভাবে পালিত হয়েছে।

উল্লেখ্য এই উৎসবের উদযাপনে ভারত ও শ্রীলঙ্কা বন্ধনকে তুলে ধরার লক্ষ্যে ভারতীয় হাইকমিশন এবং হাম্বানটোটার ভারতীয় কনস্যুলেট জেনারেলের যৌথ উদ্যোগে ভারতের বৌদ্ধ ঐতিহ্য_Buddhist Heritage

of India শীর্ষক একটি আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। শ্রীলঙ্কার রাষ্ট্রপতি অনুরা কুমারা দিসানায়েকে এই প্রদর্শনীর উদ্বোধন করেন এবং জাতীয় ভেসাক উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

*************************************************************************

হংকংয়ে অনুষ্ঠিত এশিয়ান অনূর্ধ্ব-২০ অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে ভারতীয় দল তাদের সাফল্য অব্যাহত রেখেছে। চারটি সোনা, দুটি রুপো এবং দুটি ব্রোঞ্জ-সহ মোট আটটি পদক জিতে ভারত পদক তালিকায় চিনের পর দ্বিতীয় স্থানে উঠে এসেছে।

প্রতিযোগিতার দ্বিতীয় দিনে ভারতীয় ক্রীড়াবিদরা সাতটি পদক জয় করেন, যার মধ্যে রয়েছে চারটি সোনার পদক। মহিলাদের হাই জাম্পে ১৯ বছর বয়সি পুজা সিং ১ দশমিক ৯৩ মিটার উচ্চতা অতিক্রম করে সোনা জয় করেন। এর সঙ্গেই তিনি ২০১২ সালে সাহানা কুমারির ১ দশমিক ৯২ মিটারের ১৪ বছরের পুরনো জাতীয় রেকর্ডও ভেঙে দেন।

ভারতের হয়ে আরও তিনটি সোনার পদক জিতেছেন পুরুষদের ৫ হাজার মিটার রেস ওয়াকে নীতিন গুপ্ত , মহিলাদের ডিসকাস থ্রোয়ে অমনত কম্বোজ এবং পুরুষদের ডেকাথলনে রাহুল যাখর।

মহিলাদের ট্রিপল জাম্পে সাধনা দেবী এবং পুরুষদের ডেকাথলনে উপকার রুপোর পদক জিতেছেন। এছাড়া, মহিলাদের ৪০০ মিটারে নীরু পাঠক ব্রোঞ্জ পদক অর্জন করেন। এর আগে, নিপাম মহিলাদের ১০০ মিটারে ব্রোঞ্জ জিতে ভারতের পদক অভিযান শুরু করেছিলেন।

৩০ জন পুরুষ ও ১৮ জন মহিলা নিয়ে গঠিত ৪৮ সদস্যের ভারতীয় দল এই প্রতিযোগিতায় অংশ নিয়েছে। আগামীকাল এই চ্যাম্পিয়নশিপ শেষ হচ্ছে।

*************************************************************************

IPL ক্রিকেটে আহমেদাবাদে অনুষ্ঠিত ফাইনালে আগামীকাল রয়্যাল চ্যালেঞ্জারস বেঙ্গালুরু গুজরাট টাইটান্সের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

অন্যদিকে নিউ চণ্ডীগড়ে অনুষ্ঠিত দ্বিতীয় কোয়ালিফায়ার ম্যাচে গতকাল গুজরাট টাইটানস, রাজস্থান রয়্যালসকে ৭ উইকেটে হারিয়ে ফাইনালে উঠেছে।

রাজস্থান রয়্যালসের করা ২১৪ রানের লক্ষ্য তাড়া করতে নেমে গুজরাট টাইটান্স ৮ বল বাকি থাকতেই ৩ উইকেট হারিয়ে ২১৯ রান তোলে। অধিনায়ক শুভমন গিল ৫৩ বলে ১০৪ রান করেন। সাই সুদর্শন করেন ৫৮ রান।

এর আগে টসে জিতে প্রথমে ব্যাট করে রাজস্থান রয়্যালস নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেটে ২১৪ রান করে। রবীন্দ্র জাদেজা ৪৫ রানে অপরাজিত থাকেন।

গুজরাটের হয়ে কাগিসো রাবদা এবং জেসন হোল্ডার দুটি করে উইকেট নেন।

শুভমন গিল ম্যাচের সেরা খেলোয়াড় নির্বাচিত হন ।

*****************************************************************